

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৪৩

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৮

২৯ জুলাই ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

## দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ২৯.০৭.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

### ১। আবহাওয়ার সতর্ক বার্তা:

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় সুস্পষ্ট লঘুচাপ হিসেবে অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে ও গভীর সঞ্চারণশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে। বাংলাদেশের উপকূলীয় এলাকা, উত্তর বঙ্গোপসাগর এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

### ২। আজ ২৯ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

### ৩। ভারী বর্ষণের সতর্কবার্তা:

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (২৯ জুলাই, ২০২১ খ্রিঃ) তারিখ সকাল ১১.৩০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী ( $\geq ৮৯$  মি.মি.) বর্ষণ হতে পারে।

অতি ভারী বর্ষণের কারণে চট্টগ্রাম বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিক্ষয়ের সম্ভাবনা রয়েছে।

### ৪। ২৯ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

**সিনপটিক অবস্থাঃ** বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় সুস্পষ্ট লঘুচাপ বর্তমানে বাংলাদেশের পশ্চিমাঞ্চল ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করছে। এটি দক্ষিণপশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্চাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, গাঞ্জয় পশ্চিমবঙ্গ, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল বাংলাদেশ হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় বিরাজ করছে।

**পূর্বাভাসঃ** রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/বাড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৯.৯	৩৪.৩	২৭.২	৩৬.০	৩৫.০	৩৬.৯	৩৩.৪	৩০.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.২	২৬.০	২৪.৫	২৬.২	২৭.১	২৪.৮	২৫.৫	২৫.৬

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩৬.৯° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুন্ড, কুতুবদিয়া ও টেকনাফ ২৪.৫° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

#### ৫। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার সকল প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পার্বত্য অববাহিকা এবং দক্ষিণাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় উপকূলীয় এলাকা সমূহে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে দক্ষিণাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় উপকূলীয় এলাকার এবং দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পার্বত্য অববাহিকার নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় কক্সবাজার জেলার কতিপয় স্থানে আকস্মিক বন্যার ঝুঁকি রয়েছে।

**৫ (ক)। ২৮ জুলাই, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:**

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল আগামী ৩০ শে জুলাই পর্যন্ত হ্রাস পেয়ে তারপর বৃদ্ধি পেতে পারে। আগামী ৭ দিনে আপাতত ব্রহ্মপুত্র নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ৭
- দিনে আপাতত গঙ্গা নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

**৫ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৪৭	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি)
হ্রাস	৫৬	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৫	বিপদ সীমার উপরে	০২

**৫ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ/২৯ জুলাই ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
১। বান্দরবান	লামা	মাতামুহুরী	১৩.৮৫	+১১৬	১২.২৫	+১৬০
২। ক	চিচিংগা	মাতামুহুরী	৬.৪২	+২৬	৬.২৫	+১৭

**৬। বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
রাংগামাটি	৬৮	পটুয়াখালী	৭০	বরগুনা	৮৩
লামা	২১৫	কক্সবাজার	৮৭	নারায়ণহাট	৫০
চট্টগ্রাম	১৩৫	বান্দরবান	১৮৪	হরিদাশপুর	৮৬
পাঁচপুকুরিয়া	৭৮	ঠাকুরগাঁও	৭৫	পরশুরাম	৫৫

**৬ (ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:**

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
-	-

\*\*\* কুড়িগ্রাম, লালমনিরহাট, টাঙ্গাইল, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা এবং নীলফামারী এই ৯ টি জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সকল জেলার সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবেলায় ও জনদুর্ভোগ হ্রাস করতে জেলা প্রশাসক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের সাথে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক বিগত ০৫/০৭/২০২১খ্রিঃ তারিখে অনলাইন প্ল্যাটফর্মে একটি জুম মিটিং করেন। এ সময় মাননীয় প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট জেলা প্রশাসকদেরকে সম্ভাব্য বন্যা মোকাবেলা এবং জনদুর্ভোগ হ্রাসের কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

**৭। অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৭ জুলাই ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৮ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	চট্টগ্রাম	০	০	০
৭।	খুলনা	১	০	০
৮।	রংপুর	৩	০	০
	মোট	১০	০	০

#### ৮। পাহাড় ক্ষসঃ

১। কক্সবাজারঃ জেলা প্রশাসক, কক্সবাজার এর স্মারক নং: ৫১.০১.২২০০.১১৭.৪১.০৫৪.২১-১৩২৮, তারিখঃ ২৮/০৭/২০২১ এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ২৪ ঘন্টায় টেকনাফ উপজেলায় ৩২৮ মি.মি.সদর উপজেলায় ১১৫ মি.মি.ও কুতুবদিয়া উপজেলায় ১২৫ মি.মি. বৃষ্টিপাত হয়েছে। থেমে থেমে ভারী বর্ষণ অব্যাহত আছে। অতিবৃষ্টি ও পাহাড়ের ঢলের কারণে দেয়াল ও পাহাড় ধসে টেকনাফ উপজেলায় ৬ জন, মহেশখালী উপজেলায় ২ জন,রোহিংগা ক্যাম্পে ৫ জন, মাছ ধরতে গিয়ে সদর উপজেলায় ৩ জন,উখিয়া উপজেলায় ৩ জন, ৮ নং ক্যাম্পের ১ জনসহ মোট ২০ জনের মৃত্যু হয়েছে।

ক) অতি বর্ষণের ফলে মহেশখালী, কুতুবদিয়া, সদর, উখিয়া ও টেকনাফ উপজেলায় ৪১ টি ইউনিয়ন আংশিক, ৪১৩ টি গ্রাম আংশিকভাবে প্লাবিত হয়ে ৫৫,১৫০ টি পরিবার পানিবন্ধি হয়ে পড়েছে। ৩০০ টি পরিবারের বাড়িঘর আংশিকভাবে পানিতে ডুবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

খ) ক্ষতিগ্রস্তদের মধ্যে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১৫০ মে. টন চাল ও ৫,০০,০০০/- টাকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবরে উপবরাদ্দ প্রদান করা হয়েছে। জেলায় বর্তমানে কোন মজুদ নেই।

#### ৯ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৭/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৮৮ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় নারায়ণগঞ্জ-১ নির্বাচনী এলাকায় মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে নারায়ণগঞ্জ-১ (রূপগঞ্জ উপজেলার জন্য ১,০০০ এবং তারাব পৌরসভার জন্য ৫০০ প্যাকেট) সর্বমোট (১,০০০+৫০০)= ১,৫০০ (এক হাজার পঁচাত্তর) প্যাকেট/ বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৫/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৮৪ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য দেশের ৬৪ টি জেলায় জেলা প্রশাসকগণের অনুকূলে সর্বমোট ৮,৬৫০ (আট হাজার ছয়শত পঞ্চাশ) মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ৩,০১,০০,০০০/- (তিন কোটি এক লক্ষ) ত্রাণ কার্য (নগদ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৫/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৮৫ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য দেশের ১২টি সিটি কর্পোরেশনের জন্য সর্বমোট

৮২৫ (আটশত পঁচিশ) মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ১,৬৫,০০,০০০/- (এক কোটি পঁয়ষট্টি লক্ষ) ত্রাণ কার্য (নগদ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৩ নং স্মারকের মাধ্যমে কক্সবাজার জেলায় সাম্প্রতিক বন্যা ও পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কক্সবাজারের অনুকূলে ৫০মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ১০,০০,০০০/- (দশ লক্ষ) ত্রাণ কার্য (নগদ) এবং ২,০০০ প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবারবরাদ্দ প্রদান করা হয়েছে।

**৯ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:**

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ২৯/০৭/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	২৮,০৭,২৫,০০০/- (আটাশ কোটি সাত লক্ষ পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচিশত এগার) টাকা	১০৩৯,১০,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি দশ লক্ষ সাতান্ন হাজার পঁচিশত এগারো) টাকা
৩	চাল	১,৪৩,১৮৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার একশত পঁয়ত্রিশ দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচিশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৭,৬৭৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার ছয়শত সাতাত্তর দশমিক পাঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আলোড়িনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	১৪,৩০০ (চৌদ্দ হাজার তিনশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,০০,০০০ (সাত লক্ষ) প্যাকেট
৫	টেউটিন	-	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বাস্তিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বাস্তিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	-	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ ) টাকা

**৯ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২৭/০৭/২০২১ তারিখ পর্যন্ত):**

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	১,৪৯,৮৯৫ টি	৫,৩৩১ টি	১,৫৫,২২৬ টি
উপকারভোগী লোক সংখ্যা	৬,৫৩,৩৩৪ জন	২৬,৬৭৬ জন	৬,৮০,০১০ জন

১০। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা

হয়েছে।

২৯-৭-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৪৩/১(১৭১)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৮

২৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৯-৭-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা